দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

055

তারিখ 0 9 AUG 1989
পৃষ্ঠা ... ৮ ... কলাম ...

125

# এসএসসির স্থগিত ফল

এবারের এসএসসি পরীক্ষার যেসব পরীক্ষার্থীর ফল প্রকাশ স্থগিত রাখা হয়েছে, তারা একদিকে যেমন দারুণ অস্বস্তিতে আছে, অন্যদিকে তেমনি অনেকে সম্মুখীন হতে যাচ্ছে ভর্তি সংকটে। এরকম দুর্ভাগার সংখ্যা এবার বেশ বেশি। বিভিন্ন কারণে চার বোর্ডে বহু পরীক্ষার্থীর ফল এবার প্রকাশ করা হয়নি। পত্রিকান্তরের এক রিপোর্টে বলা হয়েছে যে, যশোর বোর্ডে মোট ৩৫২৪ জন পরীক্ষার্থীর ফল প্রকাশ স্থগিত রয়েছে। আরেকটি দৈনিকে প্রকাশিত এক খবরে বলা হয়েছে যে রংপুর পুলিশ লাইন স্কুলের ৩৩ জনের ফল এখনও প্রকাশিত হয়নি।

পরীক্ষার ফল জানা না গেলে পরীক্ষার্থী ও তাদের অভিভাবকগণ কী মানসিক যন্ত্রণায় পড়ে, তা বুঝিয়ে বলার অপেক্ষা রাখে না। পাস না ফেল—এই চিন্তা তাদের অস্থির করে রাখে। তবে অসুবিধাটা বেশি, যারা পাস করেছে তাদের। প্রায় সকল কলেজেই ভর্তি প্রক্রিয়া শুরু হয়ে গেছে। কিন্তু তারা ভর্তির আবেদনপত্র জমা দিতে ও ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারছে না। অবিলম্বে স্থগিত ফল প্রকাশিত না হলে, অনেকে তাদের পছন্দমত কলেজে ভর্তি হওয়ার সুযোগও পাবে না।

যশোর শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ জানান যে ফল স্থগিত রাখার কারণগুলির মধ্যে ভুয়া রেজিস্ট্রেশন নম্বর, রেজিস্ট্রেশন নম্বর না থাকা, অসম্পূর্ণ পরীক্ষা ফরম ইত্যাদি প্রধান। এই ত্রুটি বিচ্যুতিগুলির জন্য তো পরীক্ষার্থীরা দায়ী নয়। যাদের মাধ্যমে ফরমগুলি বোর্ডে পৌঁছেছে তারা অর্থাৎ সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষই এর জন্য দায়ী। যশোর বোর্ড কর্তৃপক্ষ এই ত্রুটি-বিচ্যুতির জন্য সংশ্লিষ্ট স্কুলগুলির একশ্রেণীর শিক্ষকের বড় রকমের অবহেলাকেই দায়ী করেছেন। কিন্তু দুঃখের ব্যাপার, তাদের অবহেলার জন্য মাশুল দিতে হচ্ছে কিছু-সংখ্যক পরীক্ষার্থীকে। প্রয়োজনীয় টাকা-পয়সা পরিশোধ করে এবং প্রচুর পরিশ্রমের পর যথানিয়মে পরীক্ষা দিয়েও তারা ফল পাচ্ছে না।

আমরা তাই মনে করি, প্রমাণিত জাল-জোচ্চুরির ব্যাপারগুলি ছাড়া অন্য পরীক্ষার্থীদের স্থগিত ফল অবিলম্বে প্রকাশ করা উচিত। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগেও অনেকের ফল প্রকাশ স্থগিত রাখা হয়। এ ধরনের অভিযোগেরও দ্রুত নিষ্পত্তি দরকার। মোট কথা হল, কোন কারণে বা অজুহাতেই পরীক্ষার ফল প্রকাশ বিলম্বিত হওয়া উচিত নয়। পরীক্ষার্থীদের মানসিক যন্ত্রণা এবং তাদের কলেজে ভর্তির ব্যাপারটি বিবেচনা করে স্থগিত ফল দ্রুত প্রকাশের ব্যবস্থা হবে—এই আমাদের প্রত্যাশা।